



সূত্র : জবি/আ.অ/ভর্তি-০৫/২০২৫-২৬/

তারিখঃ ০১/০৪/২০২৬

কোটায় ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট: <https://jnuadmission.com>

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ইউনিট-বি (কলা ও আইন অনুষদ) ২য় পর্যায়ে বিভিন্ন কোটায় ভর্তির জন্য বিষয় প্রাপ্ত শিক্ষার্থীরা আগামী ০২/০৪/২০২৬ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে ০৬/০৪/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট <https://jnuadmission.com>-এ নিজ নিজ প্যানেলে লগইন করে নিম্নে উল্লেখিত ভর্তি ফিস অনলাইনে জমা দিতে হবে। ভর্তি ফিস জমাদানকারী শিক্ষার্থীরা আগামী ০২/০৪/২০২৬ তারিখ হতে ০৭/০৪/২০২৬ তারিখ পর্যন্ত (সকাল ৮:০০টা হতে বিকাল ৪:০০টার মধ্যে) বিশ্ববিদ্যালয় খোলা থাকার দিনগুলোতে সরাসরি সংশ্লিষ্ট ডিন অফিসে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিয়ে কাগজপত্র জমাদান স্লিপ সংগ্রহ করে ভর্তি নিশ্চিত করতে হবে।


উল্লেখ্য যে, আসন শূন্য থাকা সাপেক্ষে পরবর্তীতে মেধা তালিকা প্রকাশ করা হবে।

ভর্তি ফিসের পরিমাণ

কলা ও আইন অনুষদ	মোট ভর্তি ফিস
কলা ও আইন অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য	১০,৬৩০/-
সংগীত ও নাট্যকলা বিভাগসমূহের জন্য	১২,৬৩০/-

➤ ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিন অফিসে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

- ক) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র;
- খ) ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
- গ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম;
- ঘ) ২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।


(অধ্যাপক খ্রীষ্টিন রিচার্ডসন)

আহ্বায়ক
ইউনিট-বি (কলা ও আইন অনুষদ)
২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ
স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি পরীক্ষা
এবং
ডিন, আইন অনুষদ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ২। পরিচালক, আইসিটি সেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ৪। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ৫। ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) জগন্নাথ বিশ্ববিদ্যালয়;
- ৬। অফিস কপি।